

জাতীয় শুদ্ধাচার কৌশল ২০১৭-২০১৮ অর্থ বছরের ২য় কোয়ার্টার এর শুদ্ধাচার পুরস্কার প্রদান সংক্রান্ত বাছাই কমিটির সভার কার্যবিবরণীঃ

সভাপতিঃ মোঃ বদরুল হাসান
মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা।
সভার সময় ও তারিখঃ ২৮ ডিসেম্বর, ২০১৭; বেলা ১১:০০ টা।
সভার স্থানঃ খাদ্য অধিদপ্তরের সভাকক্ষ।

সভায় কমিটির নিম্নোক্ত সদস্য ও কর্মকর্তাবৃন্দ উপস্থিত ছিলেনঃ-

- ১। জনাব মোঃ আরিফুর রহমান অপু, অতিরিক্ত মহাপরিচালক, খাদ্য অধিদপ্তর, ঢাকা - সদস্য;
- ২। চিত্তরঞ্জণ বেপারী, পরিচালক, চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা - সদস্য;
- ৩। জনাব কাজী নুরুল ইসলাম, পরিচালক, সরবরাহ, বন্টন ও বিপণন বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা - সদস্য;
- ৪। জনাব এ কে এম ফজলুর রহমান, পরিচালক, প্রশাসন বিভাগ, খাদ্য অধিদপ্তর, ঢাকা - সদস্য সচিব;

সভার আলোচ্য সুচীঃ

'শুদ্ধাচার পুরস্কার প্রদান নীতিমালা, ২০১৭' অনুযায়ী ২য় কোয়ার্টার এর জন্য কর্মকর্তা/কর্মচারি বাছাই।

উপস্থিত সকলকে স্বাগত জানিয়ে সভাপতি কর্তৃক সভার কাজ শুরু করা হয়। সভায় অতিরিক্ত মহাপরিচালক, পরিচালক, চলাচল, সংরক্ষণ ও সাইলো বিভাগ; পরিচালক, সরবরাহ, বন্টন ও বিপণন বিভাগ এবং পরিচালক, প্রশাসন উপস্থিত ছিলেন। সভায় সভাপতি বলেন সরকার ২০১২ সনে 'সোনার বাংলা গড়ার প্রত্যয়ঃ জাতীয় শুদ্ধাচার কৌশল' শিরোনামে জাতীয় শুদ্ধাচার কৌশল প্রণয়ন করেছে। জাতীয় শুদ্ধাচার কৌশল বাস্তবায়নের নিমিত্ত বিভিন্ন কর্মসূচী গ্রহণ করা হয়েছে। এবং প্রতি কোয়ার্টার বাস্তবায়ন অগ্রগতি পরিবীক্ষণ করা হচ্ছে। তার ধারাবাহিকতায় ২৮/১২/২০১৭খ্রিঃ তারিখে খাদ্য অধিদপ্তরের সভাকক্ষে মহাপরিচালক এর সভাপতিত্বে জাতীয় শুদ্ধাচার কৌশল ২০১৭-১৮ অর্থ বছরের কর্ম-পরিকল্পনা ও বাস্তবায়ন অগ্রগতি নিয়ে একটি সভা অনুষ্ঠিত হয়। উক্ত সভার সিদ্ধান্ত মোতাবেক আজকের এই সভা অনুষ্ঠিত হচ্ছে। সদস্য সচিব ও পরিচালক, প্রশাসন জানান, খাদ্য অধিদপ্তরের বিভিন্ন বিভাগ হতে প্রাপ্ত ১ হতে ১০ গ্রেড ভুক্ত ১১(এগার) জন ও ১১ হতে ২০ গ্রেড ভুক্ত ১১(এগার) জন কর্মকর্তা/কর্মচারীর নামের তালিকা এবং তাদের প্রাপ্ত নম্বর পাওয়া যায়। সভায় এসব তালিকা পর্যালোচনা করা হয়। পর্যালোচনা করে ১ হতে ১০ গ্রেডের ১১ (এগার) জন কর্মকর্তার মধ্য হতে 'শুদ্ধাচার পুরস্কার প্রদান নীতিমালা, ২০১৭' এর মানদণ্ডের বিচারে জনাব সালাহউদ্দিন আহাম্মদ, অতিরিক্ত পরিচালক, প্রশাসনকে বাছাই করা হয় এবং ১১ হতে ২০ গ্রেডের ১১ (এগার) জন কর্মচারীর মধ্য হতে জনাব মোঃ মোর্শেদ আলম, উপ-খাদ্য পরিদর্শক, সংযুক্তিঃ সরবরাহ, বন্টন ও বিপণন বিভাগকে বাছাই করা হয়। 'শুদ্ধাচার পুরস্কার প্রদান নীতিমালা, ২০১৭' এর ধারা ৭ অনুযায়ী ২য় কোয়ার্টারের জন্য বাছাইকৃত কর্মকর্তা/কর্মচারীগণ পুরস্কার হিসেবে একটি সার্টিফিকেট এবং ১ (এক) মাসের মূল বেতনের সমপরিমানের অর্থ প্রদান করা হবে মর্মে আলোচনা হয়।

সভায় সভাপতি বলেন যে, খাদ্য অধিদপ্তরের ন্যায় মাঠ পর্যায়ে শুদ্ধাচার চর্চা ও পুরস্কার বিষয়ে উৎসাহ প্রদান করতে হবে ও জানাতে হবে। তিনি আরো বলেন উক্ত পুরস্কার প্রদান একদিকে যেমন সকল কর্মচারীগণকে কর্মক্ষেত্রে উৎসাহিত করবে অন্যদিকে শুদ্ধাচার কৌশল বাস্তবায়ন ও উল্লেখযোগ্য ভূমিকা রাখবে। সভায় সর্বসম্মতিক্রমে নিম্নোক্ত সিদ্ধান্ত গৃহীত হয়।

সিদ্ধান্তসমূহঃ

- ক) ১ হতে ১০ গ্রেডের মধ্য হতে জনাব সালাহউদ্দিন আহাম্মদ, অতিরিক্ত পরিচালক, প্রশাসনকে পুরস্কারের জন্য বাছাই করা হলো;
- খ) ১১ হতে ২০ গ্রেডের মধ্য হতে জনাব মোঃ মোর্শেদ আলম, উপ-খাদ্য পরিদর্শক, সংযুক্তিঃ সরবরাহ, বন্টন ও বিপণন বিভাগকে বাছাই করা হলো;

চলমান পাতা-০২

